মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকালে জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম। সভা সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার আনোয়ার হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম।

এ বছরের প্রতিপাদ্য ছিল “শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টায় দীপ্ত।”প্রতিপাদ্যকে কেন্দ্র করে আলোচনায় অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রদীপ চন্দ্র শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, আমঝুপি আলিম মাদ্রাসার সুপার মাহবুবুল আলম, আহমদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ শাহী উদ্দিন, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তৌহিদুল ইসলাম, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, সহকারী শিক্ষক দিলরুবা পারভিন, এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রকৌশলী মোহাম্মদ শফিউদ্দিন প্রমুখ।

আলোচনা শেষে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।
উপহারপ্রাপ্তদের মধ্যে ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের চিফ ইনস্ট্রাক্টর প্রকৌশলী শফিউদ্দিন, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রশিক্ষক টিপু সুলতান, আমঝুপি মাধ্যমিক বালক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবীর, আমঝুপি আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাহবুব-উল আলম, সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মানিকনগর ডি.এস. আমিনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক

শামীমা আক্তার, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান, এবং ইছাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জিমিনি খাতুন।

এর আগে সকালে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলামের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক বিশ্ব প্রবীণ দিবস উদযাপন

আলমডাঙ্গায় বিশ্ব প্রবীণ দিবস পালিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় আলমডাঙ্গা বিশ্ব প্রবীণ দিবস উদযাপন করা হয়েছে। বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন উই ফর অল এর আয়োজনে আলমডাঙ্গা ডায়াবেটিক সমিতির সম্মেলন কক্ষে নবীন-প্রবীণদের অংশগ্রহণে মুক্ত আলোচনার অনুষ্ঠান “আড্ডা”র আয়োজন করা হয়।

আলমডাঙ্গার বিভিন্ন শ্রেণীর প্রবীণ ও নবীনরা অংশগ্রহণ করে এ আয়োজনে। উই ফর অল এর চেয়ারম্যান ডা. মো. আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে, প্রবীণ সাংবাদিক হামিদুল ইসলাম আজমের উপস্থাপনায় মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাস্টার, মুক্তিযোদ্ধা মো. আব্দুর জব্বার, সাবেক ফুটবলার আমিনুর ইসলাম বাবলু, সাবেক শিক্ষক ওয়াজেদ আলী মাস্টার, গাংচিল সাহিত্য পরিষদের সভাপতি হাবিবুর রহমান মজুমদার, আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সভাপতি মো. সিরাজুল ইসলাম, সাবেক আবাসিক প্রকৌশলী মো. গোলাম নবী, প্রবীণ রাজনৈতিক ব্যক্তিত্ব মো. গোলাম সরোয়ার মোল্লা।

নবীনদের মধ্যে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. নাজমুল হক শাওন, আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সাংগঠনিক সম্পাদক মো. শরিফুল ইসলাম পিন্টু, বাংলাদেশ মানবাধিকার কমিশন আলমডাঙ্গা শাখার সাধারণ সম্পাদক প্রভাষক খায়রুল

ইসলাম, মানবাধিকার কর্মী হাবিবুর রহমান, তরুণ সমাজকর্মী শরিউতুল্লা আলিফ, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন প্রমুখ।

অনুষ্ঠানে প্রবীণ-নবীনের মুক্ত আলোচনায় দারুণ আবহ তৈরি হয়। প্রবীণরা তাদের বক্তব্যে বলেন, ধনী-দরিদ্র সর্বশ্রেণীর প্রবীণরা আজ গৃহে থেকে শুরু করে সমাজ ও রাষ্ট্রের কাছে বোঝায় পরিণত হয়েছে। তাদের স্বাস্থ্যের সুরক্ষা নিশ্চিত করতে হবে, বসবাসের জন্য আলাদা বাসস্থান করে দিতে হবে। বিশ্বের সকল উন্নত দেশ যেমন কানাডা, অস্ট্রেলিয়া, আমেরিকা, ব্রিটেন, জার্মানিতে প্রবীণদের জন্য জীবনযাপনকে সহজ করতে সকল ব্যবস্থা আছে। সেই সকল সুযোগ-সুবিধা বাংলাদেশে যতদিন নিশ্চিত করতে না পারবে, ততদিন আমরা উন্নয়নশীল দেশের কাতারে দাঁড়াতে পারব না।

ঝিনাইদহে বিশ্ব নদী দিবস পালিত

‘নদীর নাব্যতা বজায় রাখুন, আপনার পরিবেশকে রক্ষা করুন’ এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব নদী দিবস-২০২৫ পালিত হয়েছে।

রোববার বিকালে এ উপলক্ষে জেলা শহরের নবগঙ্গা নদীর পাড়ে ধোপাঘাটা ব্রিজ এলাকার আশে পাশের নদীর পাড় পরিস্কার পরিচ্ছন্ন ক্যাম্পেইন করা হয়।সেসময় উপস্থিত ছিলেন জেলা যুব ফোরামের সভাপতি মেহেদী হাসান, সাধারণ সম্পাদক সোহানা, সাংগঠনিক সম্পাদক সজল পারভেজ বাপ্পি, যুগ্ন সাধারণ সম্পাদক মুহাইমিনুল ইসলাম, জেলা যুব ফোরামের সদস্য মাহারুন তন্নি, সুমি ইসলাম, নাহিদ হোসেন, জিসান আমিন বাপ্পি, তাহসিন ও সজল সহ স্থানীয় বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ। এই তারুণ্যে আগ্রহ ও শক্তিকে কাজে লাগিয়ে আমাদের নদী মাত্রিক বাংলাদেশকে পুরানো রুপে ফিরিয়ে আনার লক্ষ্য নিয়ে কাজ করা।

ঝিনাইদহে বিশ্ব পর্যটন দিবস পালিত

‘টেকসই উন্নয়নে পর্যটন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব পর্যটন দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে শনিবার সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে সেখানে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত আলোচনা সভা। এতে জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ, ঝিনাইদহ রিপোটার্স ইউনিটিরি সভাপতি এম এ কবিরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, ঝিনাইদহ শুধু কৃষি ও শিল্পের জন্য নয়, সংস্কৃতি ও পর্যটনের জন্যও সমৃদ্ধ জেলা। এখানে রয়েছে বারো আউলিয়ার মাজার, কেপি বসুর বাড়ি, গাজী কালুচম্পাবতির মাজার, কোটচাঁদপুরের রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত স্থান, কালী নদী, লালন শাহের আধ্যাত্মিক উত্তরাধিকার এবং নানা লোকজ সংস্কৃতি। এসবকে সংরক্ষণ ও আধুনিকভাবে উপস্থাপন করতে পারলে ঝিনাইদহ দেশি-বিদেশি পর্যটকদের আকর্ষণের কেন্দ্র হতে পারে।

তারা আরও বলেন, টেকসই পর্যটন শুধু অর্থনীতিকে শক্তিশালী করবে না, বরং স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি ও সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষাতেও সহায়ক হবে। এজন্য সরকারি উদ্যোগের পাশাপাশি স্থানীয় জনগণ ও তরুণ প্রজন্মকে এগিয়ে আসতে হবে।

মেহেরপুরে বিশ্ব পর্যটন দিবস

পালন

মেহেরপুরে বিশ্ব পর্যটন দিবস ২০২৫ উপলক্ষে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৭ সেপ্টেম্বর) সকালে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভার আগে জেলা প্রশাসন চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

জেলা প্রশাসক ড. মুহাম্মদ আবদুল ছালাম সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, টুরিস্ট পুলিশের পরিদর্শক আরিফুল ইসলাম, জেলা বাস মালিক সমিতির আহ্বায়ক আলমগীর হোসেন ও জেলা রেস্তোর মালিক সমিতির সভাপতি হাফিজুর রহমান হাফি প্রমুখ।

বিশ্ব ভলেন্টিয়ার দিবসে মেহেরপুরে রেড ক্রিসেন্ট যুবদের মাঝে গাছ বিতরণ

বিশ্ব ভলেন্টিয়ার দিবস উপলক্ষে “সবুজ পৃথিবী, সুস্থ জীবন, একটি গাছ, একটি জীবন” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের উদ্যোগে যুব সদস্যদের মাঝে গাছ বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় জেলা রেড ক্রিসেন্ট অফিসে এ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের

ইউনিট লেভেল অফিসার সাব্বির মিয়া, যুব প্রধান খন্দকার বদরুদ্দোজা শান্ত, প্রশিক্ষণ ও সহশিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান নাছিম হাসান, আইসিটি মিডিয়া ও যোগাযোগ বিভাগের বিভাগীয় প্রধান গালিবসহ জেলার সকল যুব সদস্যরা।

বক্তারা বলেন, গাছ শুধু পরিবেশের ভারসাম্য রক্ষাই নয়, মানুষের সুস্থ জীবনের জন্যও অপরিহার্য। তাই সবাইকে বেশি বেশি গাছ লাগানোর আহ্বান জানান তারা।

মেহেরপুরে বিশ্ব পরিবেশ দিবস পালিত

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হয়েছে বিশ্ব পরিবেশ দিবস। দিনটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি,আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের যৌথ আয়োজনে বুধবার সকালে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোজাফ্ফর খান।

“প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনই সময়” প্রতিপাদ্যকে ঘিরে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের প্রভাষক এস. এম. আশরাফুল হাবীব, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, সামাজিক বন কর্মকর্তা এইচ.টি. হামিম হায়দার, ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল হুদা, সুবাহ সামাজিক সংস্থার নির্বাহী পরিচালক মইন-উল-আলম এবং সমাজ ও পরিবেশ উন্নয়ন সংস্থার প্রতিনিধি শামিমা আখতার।

এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরামের নেতৃত্বে একটি

বর্ণাঢ্য র্যালি মেহেরপুর পাবলিক লাইব্রেরি মোড় থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়।

দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে দামুড়হুদায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে “প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনই সময়” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালি শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে. এইচ. তাসফিকুর রহমান, সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হক, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, একাডেমি মাধ্যমিক স্কুলের সুপারভাইজার রাফিজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ ও আমন্ত্রিত অতিথিরা।

আলোচনা সভায় বক্তারা বিশ্ব পরিবেশ দিবসের গুরুত্ব তুলে ধরে বলেন, পরিবেশ সুস্থ না থাকলে আমরা কেউ সুস্থ থাকতে পারব না। বর্তমানে প্লাস্টিক দূষণ আশঙ্কাজনক হারে বেড়ে যাওয়ায় আমাদের চারপাশের পরিবেশ মারাত্মক হুমকির মুখে পড়েছে। ক্ষুদ্র বা মাইক্রো প্লাস্টিক কণাগুলো বিভিন্ন মাধ্যমে আমাদের শরীরে প্রবেশ করে ক্যানসার, স্ট্রোক, কিডনি ড্যামেজসহ নানা দুরারোগ্য ব্যাধির সৃষ্টি করছে।

তারা আরও বলেন, প্লাস্টিক বর্জ্য অবশ্যই নির্দিষ্ট জায়গায় ফেলতে হবে এবং তা রিসাইক্লিংয়ের মাধ্যমে পুনঃব্যবহারের ব্যবস্থা করতে হবে। এছাড়া ইটভাটা বন্ধ না করলে একদিকে উর্বর ফসলি জমি নষ্ট হচ্ছে, অন্যদিকে ইটভাটার ধোঁয়ায় পরিবেশ মারাত্মকভাবে

ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই নিয়ম মেনে ইটভাটা পরিচালনা করতে হবে। কীটনাশক ব্যবহারেও সতর্কতা অবলম্বন করতে হবে যাতে পরিবেশের ক্ষতি না হয়।

তারা ইলেকট্রনিক বর্জ্যও নির্দিষ্ট স্থানে ফেলার ওপর গুরুত্বারোপ করেন এবং তা রিসাইক্লিংয়ের মাধ্যমে পুনঃব্যবহারের উপযোগী করে পরিবেশ রক্ষার আহ্বান জানান।

মুজিবনগরে বিশ্ব পরিবেশ দিবস পালিত

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্র ঘোষিত ১৫ দিনব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরের মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ শাখা ছাত্রদলের বৃক্ষরোপণ কার্যক্রম চলমান রয়েছে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক মোঃ রিয়াজ শেখ এবং মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ শাখা ছাত্রদলের সভাপতি রাকিব ও সাধারণ সম্পাদক মোঃ জাকারিয়া মোল্লা।

বিশ্ব পরিবেশ দিবসে দর্শনায় ছাত্রদলের বৃক্ষরোপণ কর্মসূচি

“সবুজে বাঁচুক দেশ, সবার আগে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ ঘোষিত ১৫ দিন ব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের

পক্ষ থেকে কৃষ্ণচূড়া ও নিম গাছ রোপণ করা হয়।

আজ রবিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা সরকারি কলেজ চত্বরে প্রথম দিনের বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফজলুর রহমান, সদস্য সচিব পলাশ আহমেদ, সিনিয়র যুগ্ম আহবায়ক মোফাজ্জল হোসেন মোফা, যুগ্ম আহ্বায়ক শাফায়েত জামিল পাপ্পু, ১নং সদস্য হাসান আলী, ডিপার্টমেন্ট ছাত্রদল নেতা- আব্দুল হাই, মুশফিকুর রহমান সাইফ, অমিন হাসান, ফারুক হোসেন, শেখ রায়হান, লিখন হাসান, জুবায়েরুল হাসান নিশান, সজীব হাসান, ইয়াসিন আরাফাত, রাহুল জোয়র্দ্দার ও শেখর শাওন প্রমুখ।

এ বিষয়ে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ জানান, সবুজে বাঁচুক দেশ, সবার আগে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ ঘোষিত ১৫ দিন ব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের পক্ষ থেকে কৃষ্ণচূড়া ও নিম গাছ রোপণ করা হয়েছে। পর্যায়ক্রমে দর্শনার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এই বৃক্ষ রোপণ কর্মসূচি চলমান থাকবে।